

ফরম পুরণের বিজ্ঞপ্তি
ইসিই পার্ট-১, ১ম সেমিস্টার-২০২৩
শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩

এতদ্বারা আই.এস.টি.র ইসিই ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ৭ মার্চ ২০২৪ ইং তারিখ হতে ২৪ মার্চ ২০২৪ ইং তারিখের মধ্যে ইসিই পার্ট-১, ১ম সেমিস্টার ২০২৩ পরীক্ষার ফরম পূরণের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে প্রিন্টকৃত ফরম হিসাব শাখায় জমা দেয়ার পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি (যেমন- সেমিস্টার ফি, টিউশন ফি, উন্নয়ন ফি, রেজিস্ট্রেশন ফি (যদি বকেয়া থাকে)) পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পূরণ করতে পারবেনা। ফরম উত্তোলনের পূর্বে হিসাব শাখা হতে অনার্স রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে। এই রেজিস্ট্রেশন কার্ড ভবিষ্যতের জন্য যন্ত্র সহকারে সংরক্ষণ রাখতে হবে।

ফরম পূরণের নির্দেশনাবলী:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণ এবং কলেজে জমাদানের তারিখ: ০৭/০৩/২০২৪ থেকে ২৪/০৩/২০২৪ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/cse) form fill-up এ গিয়ে Apply to online form fill-up (for Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে ১ কপি পাসপোর্ট সাইজে ছবি নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে নির্ধারিত ফি জমা দিয়ে হিসাব শাখা জমা দিতে হবে।

ফরম পূরণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্স কো-অর্ডিনেটর/পরিচালক (প্রশাসন) এর সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। বকেয়া সংক্রান্ত কোন ধরনের সুপারিশ গ্রহণযোগ্য নয়।

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: পরীক্ষার ফি ৪৫০০/-, ল্যাব ও আনুষঙ্গিক ফি: ৭০০/- সহ সর্বমোট ৫২০০/- টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি: প্রতি পত্র ৫০০/-, অধিভুক্তি ফি: ৫০০/- এবং কেন্দ্র ফি: ৫০০/- টাকা। ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা। এছাড়া ২০২০-২০২১, ২০১৯-২০২০, ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড বিষয়ে শেষ বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

মো: শামীম হাসান

কোর্স কো-অর্ডিনেটর

ইসিই ১ম সেমিস্টার

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। অধ্যক্ষ, আই.এস.টি।
- ২। পরিচালক (প্রশাসন), আই.এস.টি
- ৩। বিভাগীয় প্রধান, ইসিই বিভাগ
- ৪। সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি
- ৫। হিসাব শাখা, আই.এস.টি।
- ৬। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৭। আই.এস.টি নোটিশ বোর্ড।
- ৮। অফিস সেক্রেটারী (বিজ্ঞপ্তি আই.এস.টির ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হল)।